আমরা যতই অধ্যয়ন করি, ততই আমাদের অজ্ঞানতাকে আবিষ্কার করি।
পি বি শেলি

কাজের কথা

সেরা চাকরির সুলুকসন্ধান

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে জার্নালিজমের এম এ

জার্নালিজম অ্যান্ড মাস কমিউনিকেশনের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভরতি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অ্যাডাল্ট কন্টিনিউয়িং এডুকেশন অ্যান্ড এক্সটেনশন বিভাগ।

কোর্সের মেয়াদ ঃ ২ বছর। কোর্স শুরু হবে আগস্টে।

আসনসংখ্যা ঃ ৫০টি। তপশিলি, ওবিসি ও দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

শিক্ষাগত যোগ্যতা ঃ মোট অন্তত ৫০ শতাংশ নম্বর সহ স্নাতক (অনার্স)

কোর্স ফি ঃ ৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই ঃ লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১৯ জুলাই দুপুর ২টো থেকে। নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশিত হবে ৭ আগস্ট। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.jaduniv.edu.in

অনলাইন আবেদনের শেষ তারিখ ঃ ১৩ জুলাই। আবেদন পদ্ধতি সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন প্রতিবেদনে উল্লিখিত ওয়েবসাইট।

রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়ায় ১৪৯ গ্রেড বি অফিসার

অনলাইন আবেদনের শেষ তারিখ ২৩ জুলাই, পরীক্ষা নেওয়া হবে দুটি পর্যায়ে

নানা কারণে ব্যাংকগুলিতে ঘাটতির পরিমাণ বাড়লেও আরও উন্নত পরিসেবা দানের ক্ষেত্রে খুব একটা কর্মী সংকোচন লক্ষ করা যায়নি। অর্থাৎ চাকরিপ্রার্থীদের কাছে ব্যাংকের দরজা খোলাই রয়েছে। এই পরিসেবা ক্ষেত্রে নানা ধরনের চাকরি হয়ে থাকে। পিওন থেকে অফিসার র‍্যাংকে নিয়োগ ছাড়াও আরও কিছু অফবিট ক্ষেত্র আছে, যেগুলিতে কম হলেও কর্মী নিয়োগ করা হয়। এই প্রতিবেদনে অফিসার নিয়োগের বিষয়ে নির্দেশিকার উল্লেখ করা হয়েছে।

গ্রেড বি অফিসার নিয়োগ করবে রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া, সম্প্রতি এই বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

প্রার্থী বাছাই করবে রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া সার্ভিসেস বোর্ড। ২ বছরের প্রবেশন।

শূন্যপদ ঃ ১৪৯।

শূন্যপদের বিবরণ ঃ
অফিসার গ্রেড বি (জেনারেল) ঃ ১২৭টি।

শিক্ষাগত যোগ্যতা ঃ অন্তত ৬০ শতাংশ নম্বর অথবা সমতুল গ্রেড সহ যে কোনো শাখায় স্নাতক। উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিক স্তরেও ৬০ শতাংশ নম্বর থাকতে হবে।

অফিসার গ্রেড বি (ডিপার্টমেন্ট অফ ইকনমিক্স অ্যান্ড পলিসি রিসার্চ) ঃ ২২টি পদ।

শিক্ষাগত যোগ্যতা ঃ অন্তত ৫৫ শতাংশ নম্বর নিয়ে গ্রেড সহ ইকনমিক্স, ইকনমেট্রিক্স, কোয়ান্টিটেটিভ ইকনমিক্স, ম্যাথমেটিক্যাল ইকনমিক্স, ফিনান্স, ইন্টিগ্রেটেড ইকনমিক্সের মধ্যে যে কোনো একটি বিষয়ে মাস্টার ডিগ্রি।

বয়স ঃ ১.৭.২০১৮ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

বেতন ঃ ৩৫,১৫০–৬২,৪০০ টাকা।

গ্রেড বি অফিসার (জেনারেল) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে দু'পর্যায়ের অনলাইন পরীক্ষা এবং ইনটারভিউয়ের মাধ্যমে।

ফেজ ওয়ান অনলাইন পরীক্ষা ঃ ১৬ আগস্ট।

পশ্চিমবঙ্গের পরীক্ষা কেন্দ্র ঃ কলকাতা, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, আসানসোল, বহরমপুর।

ফেজ টু অনলাইন পরীক্ষা ঃ ৭ সেপ্টেম্বর।

২০০ নম্বরের ফেজ ওয়ান পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। জেনারেল অ্যাওয়্যারনেস, ইংরেজি, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা।

৩০০ নম্বরের ফেজ টু পরীক্ষার প্রথম পত্রে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ইকনমিক এবং সোশ্যাল ইশু বিষয়ে। সময় প্রতিটি পত্রের জন্য ৯০ মিনিট।

গ্রেড বি অফিসার (ডি ই পি আর) পদের ক্ষেত্রে প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় থাকবে তিনটি পত্র। প্রথম পত্রের পরীক্ষা ১৬ আগস্ট। পরীক্ষায় থাকবে ১০০ নম্বর ইকনমিক্স বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন। দ্বিতীয় ও তৃতীয় পত্রের পরীক্ষায় ডেসক্রিপটিভ ধরনের প্রশ্ন হবে ইকনমিক্স, ইংলিশ বিষয়ে। পত্রের মান ১০০। দ্বিতীয় ও তৃতীয় পত্রের পরীক্ষা ৭ সেপ্টেম্বর। সময় দ্বিতীয় পত্রের ক্ষেত্রে ৩ ঘণ্টা। তৃতীয় পত্রের ক্ষেত্রে ১ ঘণ্টা ৩০ মিনিট।

অনলাইন আবেদনের ওয়েবসাইট ঃ www.rbi.org.in

অনলাইন আবেদনের শেষ তারিখ ঃ ২৩ জুলাই।

আবেদন ফি ঃ ফি বাবদ দিতে হবে ৮৫০ টাকা। ডেবিট ও ক্রেডিট কার্ড, ইনটারনেট ব্যাংকিং, ক্যাশ কার্ড, মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দিতে হবে।

বিস্তারিত জানতে দেখুন প্রতিবেদনে উল্লিখিত ওয়েবসাইট।

হিউম্যান রিসোর্স স্নাতকোত্তর ডিপ্লোমা

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ও লেবার ওয়েলফেয়ারের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে স্টেট লেবার ইনস্টিটিউট। এটি রাজ্যের শ্রম দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। কোর্সের মেয়াদ ১ বছর। কলকাতা ও শিলিগুড়ি কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হবে।

কলকাতা ৪৫টি। শিলিগুড়ি ৩০টি। সরকারি নিয়মানুসারে তপশিলি এবং ওবিসিদের জন্য আসন সংরক্ষিত থাকবে। যে কোনো শাখায় স্নাতক। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক সহ কমপক্ষে ১০০ জন কর্মী বিশিষ্ট কোনো প্রতিষ্ঠানে ওয়েলফেয়ার অফিসার বা সুপারভাইজার বা সমতুল পদে অন্তত ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ৬,০০০ টাকা। স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ১০,০০০ টাকা। প্রার্থী বাছাই হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৪ জুলাই। প্রশ্ন আসবে ইংরেজি, রাইটিং এবিলিটি, জেনারেল নলেজ, রিজনিং বিষয়ে। পরীক্ষার সময়সীমা ৯০ মিনিট। পরীক্ষার অ্যাডমিট কার্ড কলকাতা ও শিলিগুড়ির কেন্দ্র থেকে ২০–২৩ জুলাইয়ের মধ্যে সংগ্রহ করতে হবে। পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন ঃ ১. ফি বাবদ ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। ২. শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমানপত্রের স্বপ্রত্যয়িত নকল। ৩. দু কপি পাসপোর্ট মাপের ছবি। ৪. বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। পূরণ করা আবেদনপত্র ১৬ জুলাইয়ের মধ্যে পৌঁছোতে হবে কলকাতার ক্ষেত্রে এই ঠিকানায়, Director, State Labour Institute, Govt. of West Bengal, P-3, CIT Scheme, VII-M, Manicktala Main Road, Kankurgachi, kolkata 700 054 শিলিগুড়ির ক্ষেত্রে, The Deputy Labour Commissioner, State Labour Institute, Govt.of West Bengal, Dagapur Complex, P.O Pradhannagar Siliguri, Dist. Darjeeling, Pin 734 403

বিস্তারিত তথ্যঃ কলকাতা ঃ (033) 2320-8854, শিলিগুড়ি ঃ 0353-2514161

নেভিতে ইঞ্জিনিয়ারিং পাঠরত তরুণ–তরুণী

ইউনিভার্সিটি এন্ট্রি স্কিমে পার্মানেন্ট ও শর্ট সার্ভিস কমিশনে নিয়োগ হবে। মহিলারা শুধু টেকনিক্যাল ব্রাঞ্চের ন্যাভাল আর্কিটেকচার ক্যাডারে আবেদন করবেন। সব ক্ষেত্রেই ফাইনাল ইয়ারে পাঠরত ছাত্র ছাত্রীরা আবেদনযোগ্য

ডিগ্রি ইঞ্জিনিয়ারিং পাঠরত বেশ কিছু তরুণ তরুণীকে ট্রেনিং দিয়ে বিভিন্ন টেকনিক্যাল ও এক্সিকিউটিভ ব্রাঞ্চে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ইউনিভার্সিটি এন্ট্রি স্কিমে পার্মানেন্ট ও শর্ট সার্ভিস কমিশনে নিয়োগ হবে। মহিলারা শুধু টেকনিক্যাল ব্রাঞ্চের ন্যাভাল আর্কিটেকচার ক্যাডারে আবেদন করবেন। সব ক্ষেত্রেই ফাইনাল ইয়ারে পাঠরত ছাত্র ছাত্রীরা আবেদনযোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের ফাইনাল পরীক্ষায় ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ট্রেনিং শুরু হবে ২০১৯ এর জুন মাসে।

শিক্ষাগত যোগ্যতা ঃ পঞ্চম সেমেস্টার অবধি মোট অন্তত ৬০ শতাংশ নম্বর সহ নির্দিষ্ট বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বিটেক ডিগ্রি পাঠরতরা আবেদন করবেন।

ব্রাঞ্চ অনুসারে টেকনিক্যাল বিভাগের শাখা ঃ

ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ ঃ মেকানিক্যাল, মেরিন, ইনস্ট্রুমেন্টেশন, প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারোস্পেস, অটোমোবাইল, মেটালার্জি, মেকাট্রনিক্স।

ন্যাভাল আর্কিটেকটার ক্যাডার ঃ মেকানিক্যাল, সিভিল, অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস, মেটালার্জি, ন্যাভাল আর্কিটেকটার, ওশান ইঞ্জিনিয়ারিং, মেরিন ইঞ্জিনিয়ারিং, শিপ টেকনোলজি, শিপ বিল্ডিং, শিপ ডিজাইন।

ব্রাঞ্চ অনুসারে এক্সিকিউটিভ বিভাগের বিভিন্ন শাখা ঃ জেনারেল সার্ভিস এর ক্ষেত্রে যে কোনো শাখায় বি ই বা বিটেক।

আই টি ঃ কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজি।

দৈহিক মাপজোক ঃ উচ্চতা ১৫৭ সেমি। ন্যাভাল আর্কিটেকচার ব্রাঞ্চের জন্য মেয়েদের ক্ষেত্রে ১৫২ সেমি। গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ন্যাভাল ক্যাম্পাস সিলেকশন টিমের ইনটারভিউয়ে ডাকা হবে। এতে সফল হলে সিলেকশন বোর্ডের ইনটারভিউ। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন, ডিসকাশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক, গ্রুপ ডিসকাশন, পার্সোনাল ইনটারভিউ। প্রথম পর্বের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্বের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

বেতন ঃ ৫৬,১০০–১,১০,৭০০ টাকা। মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ সুবিধা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমেwww.joinindiannavy.gov.in

অনলাইন দরখাস্তের শেষ তারিখ ঃ ৩০ জুলাই।

১৪৩৭ স্পেশ্যালিস্ট ডাক্তার নিয়োগ

রাজ্য স্বাস্থ্য ও পরিবারকল্যাণ বিভাগে ১৪৩৭ জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার নিয়োগ করা হবে। নিয়োগ হবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে, ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিস–এ। পদগুলি অস্থায়ী, তবে স্থায়ী হবার সম্ভাবনা আছে। এই পদের মূল বেতন ১৫,৬০০–৪২,০০০ সঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা ও নন প্র্যাক্টিসিং সহ অন্যান্য ভাতাও আছে। আবেদন করতে হবে অনলাইনে আগামী ১৮ জুলাই পর্যন্ত।

শূন্যপদের বন্টন ঃ জেনারেল মেডিসিন ঃ ১৬৮, জেনারেল সার্জারি ঃ ১৬৮, গাইনিকোলজি ১৩১, অটোরাইনোল্যারিঙ্গোলজি ঃ ১০২, ডার্মাটোলজি ঃ ৭, প্যাথোলজি ঃ ৫৩, বায়োকেমিস্ট্রি ঃ ৬৬, মাইক্রোবায়োলজি ঃ ৫, পেডিয়াট্রিক মেডিসিন ঃ ১৫৮, অর্থোপেডিক সার্জারি ঃ ১০৫, অঙ্কোলজি ঃ ১০, রেডিওডায়াগ্নোসিস ১০৩, সাইকিয়াট্রি ঃ ৩, মেডিকোলজিক্যাল ঃ ৩২।

যোগ্যতা ও বয়স ঃ স্বীকৃত এমবিবিএস ডিগ্রি সহ সংশ্লিষ্ট শাখায় পিজি যোগ্যতা এবং দেশের যে কোনো মেডিক্যাল কাউন্সিলে নাম রেজিস্টার্ড থাকা দরকার। বয়স হতে হবে ১.১.২০১৮ তারিখে ৪০ এর মধ্যে। বিশেষ যোগ্যতা ও অভিজ্ঞতার প্রার্থীরা বয়সে ২ বছরের ছাড় পেতে পারেন।

প্রার্থী বাছাই পদ্ধতি ঃ পরীক্ষা ও ইনটারভিউয়ের মাধ্যমে।

আবেদন ফি ঃ ২১০ টাকা। দিতে হবে কেবল মাত্র নেট ব্যাংকিংয়ের মাধ্যমে। গভঃ রিসিট পোর্টাল সিস্টেমের সুবিধা সম্পন্ন যে কোনো ব্যাংকের কাউন্টার থেকে। বিস্তারিত জানা যাবে www.wbhrb.in ওয়েবসাইটে।

পলিটেকনিক পড়ুয়াদের জন্য মাহিন্দ্রা স্কলারশিপ

মেধা থাকলে অর্থ কোনো বাধা নয়। কে সি মাহিন্দ্রা এডুকেশন ট্রাস্ট ৫৫০ জন মেধাবী পড়ুয়াকে মাহিন্দ্রা অল ইন্ডিয়া ট্যালেন্ট স্কলারশিপ দেবে।

যোগ্যতা ঃ ক. ২০১৮ সালে ৬০ শতাংশের বেশি নম্বর পেয়ে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পাস করে সরকারি বা সরকার অনুমোদিত পলিটেকনিক কলেজে ভরতি হয়ে থাকতে হবে।

খ. ছাত্রী এবং স্বল্প আয়ের পরিবার গোষ্ঠীর সন্তানরা, বিভিন্নভাবে প্রতিবন্ধী ছাত্র–ছাত্রী এবং সামরিক বাহিনীর কর্মচারীদের সন্তানদের অগ্রাধিকার দেওয়া হবে।

গ. নির্বাচিত আবেদনকারীদের সাক্ষাৎকারের তারিখ এবং স্থান আগেই জানিয়ে দেওয়া হবে।

আবেদন পদ্ধতি ঃ প্রথমে যোগ্য প্রার্থীদের অনুরোধপত্র পাঠাতে হবে এই ঠিকানায়, মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা লিমিটেড, ৭, ড. ইশাক রোড, ৩য় এবং ৪র্থ তল, কলকাতা–১৬ ঠিকানায়। এই অনুরোধ পত্রের সঙ্গে নিজের নাম ঠিকানা লেখা একটি খাম পাঠাতে হবে। অনুরোধপত্রগুলি বিবেচনার ভিত্তিতে নির্বাচিত প্রার্থীদের কাছে স্কলারশিপের নির্দিষ্ট আবেদনের বয়ান পাঠানো হবে। সেই আবেদনপত্র পূরণ করে প্রাসঙ্গিক নথিপত্র খামে ভরে ১৬ আগস্টের মধ্যে উক্ত ঠিকানায় পৌঁছোতে হবে।

ট্রাস্টটি প্রতি বছর ১০,০০০ টাকা হিসেবে সর্বাধিক ৩টি শিক্ষাবর্ষের সময়কালের জন্যে ৫৫০ জন অভাবগ্রস্ত এবং যোগ্য ছাত্র ছাত্রীদের ছাত্রবৃত্তি প্রদান করবে।

আবেদনপত্র ডাউনলোড করা যাবে http://www.kcmet.org/What-we-Do-Scholarship-Grants.aspx

যোগাযোগের নম্বর ঃ ০৩৩ ৬৬২৩৫৭০০

ন্যাশনাল স্পোর্টস ইউনিভার্সিটিতে স্নাতক ও স্নাতকোত্তর

ফিজিক্যাল এডুকেশনের স্নাতক কোর্স, স্পোর্টস কোচিংয়ের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এবং স্পোর্টস সাইকোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভরতি নিচ্ছে মণিপুরের ন্যাশনাল স্পোর্টস ইউনিভার্সিটি। এটি কেন্দ্রের ইউথ অ্যাফেয়ার্স অ্যান্ড স্পোর্টস মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। ব্যাচেলর অফ ফিজিক্যাল এডুকেশন অ্যান্ড স্পোর্টস ঃ কোর্সের মেয়াদ ৩ বছর। আসন ৫০টি। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক।
বি এসসি ইন স্পোর্টস কোচিং ঃ কোর্সের মেয়াদ ৪ বছর। আসন ৫০টি। ক্রীড়াক্ষেত্রগুলি হল অ্যাথলেটিক্স, আর্চারি, ব্যাডমিন্টন, বক্সিং, ফুটবল, ওয়েটলিফটিং। শিক্ষাগত যোগ্যতা ঃ উচ্চমাধ্যমিক।
এম এসসি ইন স্পোর্টস কোচিং ঃ কোর্সের মেয়াদ ২ বছর। আসন ৩০টি। ক্রীড়াক্ষেত্রগুলি হল অ্যাথলেটিক্স, আর্চারি, ব্যাডমিন্টন, বক্সিং, ফুটবল, ওয়েটলিফটিং। শিক্ষাগত যোগ্যতা ঃ স্পোর্টস কোচিংয়ে স্নাতক। মাস্টার অফ আর্টস ইন স্পোর্টস সাইকোলজি ঃ কোর্সের মেয়াদ ২ বছর। আসন ২০টি। শিক্ষাগত যোগ্যতা সাইকোলজিতে স্নাতক।
যে কোনো শাখায় স্নাতক।
ফিজিক্যাল এডুকেশনে স্নাতক ডিগ্রি থাকলে আবেদন করা যাবে। আবেদনের বয়ান www.yas.nic.in ফি বাবদ দিতে হবে ৩০০ টাকা। আবেদনপত্র ১৫ জুলাইয়ের মধ্যে পৌঁছোতে হবে এই ঠিকানায় The Registrar, National Sports University, Khuman Lampak Campus, Imphal, Manipur 795010
যোগাযোগের নম্বর 0385-2421004

কোল ইন্ডিয়ায় ৫২৮ মেডিক্যাল এক্সিকিউটিভ

সিনিয়র মেডিক্যাল অফিসার, সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট, ও মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদে ৫২৮ জন এমবিবি এস প্রার্থী নেবে কোল ইন্ডিয়া। নিয়োগ করা হবে কোল ইন্ডিয়ার বিভিন্ন সংস্থা, হাসপাতাল, ডিসপেন্সারিতে।

সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট বা মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদের ক্ষেত্রে নিম্নলিখিত স্পেশ্যালাইজেশন থাকতে হবে জেনারেল মেডিসিন, অর্থোপেডিক্স, রেডিওলজি, অ্যানেস্থেশিয়া, জেনারেল সার্জারি, অবস্টেট্রিক্স অ্যান্ড গাইনিকোলজি, প্যাথোলজি, অপথালমোলজি, ই এন টি, পেডিয়াট্রিক্স, ডার্মাটোলজি, সাইকিয়াট্রি, পালমোনারি মেডিসিন।

সিনিয়র মেডিক্যাল অফিসার ঃ শূন্যপদ ঃ ১৭৬টি।

শিক্ষাগত যোগ্যতা ঃ এম বিবিএস।

বয়স ঃ ১.৪.২০১৮ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

বেতন ঃ ২৪,৯০০–৫০,৫০০ টাকা।

সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট ঃ

শূন্যপদ ঃ ৩৫২টি।

শিক্ষাগত যোগ্যতা ঃ এম বিবি এস। জেনারেল সার্জারি, জেনারেল মেডিসিন, পালমোনারি মেডিসিনের ক্ষেত্রে পোস্ট গ্রাজুয়েট ডিগ্রি, বা ডি এন বি থাকতে হবে। সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স ঃ ১.৪.২০১৮ তারিখে সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্ট পদের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

বেতন ঃ সিনিয়র মেডিক্যাল স্পেশ্যালিস্টের ক্ষেত্রে ২৯,১০০–৫৪,৫০০ টাকা। মেডিক্যাল স্পেশ্যালিস্টের ক্ষেত্রে ২৪,৯০০–৫০,৫০০ টাকা।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.coal-india.in

অনলাইন আবেদনের শেষ তারিখ ঃ ২৮ জুলাই। আগ্রহী প্রার্থীরা বিস্তারিত জানতে দেখুন প্রতিবেদনে উল্লিখিত ওয়েবসাইট।

রাজ্য ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশনে ২৯৯ প্রার্থী নিয়োগ

সরকারি চাকরি মানেই হাতে চাঁদ পাওয়া। সে রাজ্য বা কেন্দ্রীয় সরকারি চাকরি, যাই হোক না কেন। বেসরকারি ক্ষেত্রে যে অনিশ্চয়তা সারাক্ষণ তাড়া করে বেড়ায় সেই দুশ্চিন্তা অন্তত সরকারি কাজের ক্ষেত্রে নেই। তাই সরকারি চাকরিতে সুযোগ পেলেই আবেদন করা তুলনায় ভালো। সেই সুযোগ কর্মপ্রার্থীদের সামনে। জুনিয়র ইঞ্জিনিয়ার (গ্রেড টু), টেকনিশিয়ান (গ্রেড থ্রি) এবং জুনিয়র এক্সিকিউটিভ (স্টোর্স) পদে ২৯৯ জনকে নিয়োগ করবে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেক্ট্রিসিটি ট্রান্সমিশন কোম্পানি। এটি রাজ্য সরকারের অধীনস্থ সংস্থা।

প্রবেশন ১ বছরের।

শূন্যপদের বিবরণ ঃ জুনিয়র ইঞ্জিনিয়ার (ই) গ্রেড টু ঃ ১৬৩টি।

শিক্ষাগত যোগ্যতা ঃ পশ্চিমবঙ্গ স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

বেতন ঃ ৬,৩০০–২০,২০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা।

টেকনিশিয়ান গ্রেড থ্রি ঃ ১১৬টি।

যোগ্যতা ঃ মাধ্যমিক সঙ্গে রাজ্য সরকারের অধীনস্থ কোনো আইটিআই থেকে ওয়্যারম্যান বা ইলেক্ট্রিশিয়ান ট্রেডে আইটিআই সার্টিফিকেট কোর্স পাস।

বেতন ঃ ৬,৩০০–২০,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা।

জুনিয়র এক্সিকিউটিভ ঃ ২০টি।

শিক্ষাগত যোগ্যতা ঃ স্নাতক, লজিস্টিক বা মেটেরিয়াল ম্যানেজমেন্ট, লজিস্টিক অ্যান্ড সাপ্লাই চেন ম্যানেজমেন্টে বা সাপ্লাই চেন ম্যানেজমেন্টে স্পেশ্যালাইজেশন সহ বিজনেস ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা।

বেতন ঃ ৯,৩০০–৩৪,৮০০ টাকা। গ্রেড পে ৪,৭০০ টাকা।

নিয়োগ ঃ জাতীয় স্কুল গেমস, ইনটার ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহনকারী দক্ষ খেলোয়াড়দের নিয়োগ করা হবে। যে সমস্ত খেলা থেকে নিয়োগ হবে তা হল, ফুটবল, ক্রিকেট, অ্যাথলেটিক, ব্যাডমিন্টন, টেবিল টেনিস ।

বয়স ঃ ১.১.২০১৮ তারিখে ১৮–২৭ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই ঃ একটি লিখিত পরীক্ষা (১০০ নম্বর) এবং ইনটারভিউয়ের (২৫ নম্বর) মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র কলকাতা। লিখিত পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে জেনারেল অ্যাপ্টিটিউড, ইংরেজি, বাংলা ও নেপালি বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। সময় ৯০ মিনিট।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে www.wbsetcl.in অনলাইন আবেদনের শেষ তারিখ ঃ ১৭ জুলাই।

আবেদন ফি ঃ ২৫০ টাকা। তপশিলি জাতি, উপজাতি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইন অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইনে ডেবিট, ক্রেডিট কার্ড, নেট ব্যাংকিং এর মাধ্যমে।

অফলাইনেও ফি দেওয়া যাবে ব্যাংক চালানের মাধ্যমে। স্টেট ব্যাংক অফ ইন্ডিয়ার যে কোনো শাখায়।